তারিখ 27 SEP 2017
পৃষ্ঠা ২ কলাম ৪

দৈনিক আমাদের সময়

রাষ্ট্রদ্রোহ মামলা

# ১৩ শিক্ষকের মধ্যে ১০ জনের জামিন

চট্টগ্রাম ব্যুরো •

প্রশ্নপত্রে বঙ্গবন্ধুর সঙ্গে বিএনপির এক নেতার তুলনার অভিযোগে হওয়া রাষ্ট্রদ্রোহ মামলায় গ্রেপ্তার ১৩ শিক্ষকের মধ্যে ১০ জনের জামিন আবেদন মঞ্জুর করেছেন আদালত। গতকাল মঙ্গলবার চট্টগ্রাম জেলা ও দায়রা জজ মোহাম্মদ হেলাল চৌধুরী তাদের জামিন আবেদন মঞ্জুর করেন।

তবে প্রশ্ন প্রণয়নকারী শিক্ষক দুকুল বড়ুয়া, বাঁশখালী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি তাহেরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ মিয়ার জামিন আবেদন নামঞ্জুর করেছেন আদালত। শিক্ষকদের আইনজীবী ইব্রাহীম হোসেন চৌধুরী বাবুল বলেন, গ্রেপ্তার ১৩ শিক্ষকের জন্য আদালতে জামিন আবেদন করা হয়েছিল। আদালত শুনানি করে প্রশ্ন প্রণয়নকারী শিক্ষক, বাঁশখালী উপজেলা শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক ছাড়া অন্যদের জামিন আবেদন মঞ্জুর করেছেন।

গত বছরের ১৭ জুলাই নবম শ্রেণির অর্ধবার্ষিক পরীক্ষার 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয়' বিষয়ের সৃজনশীল প্রশ্নপত্রের ৪ নম্বর প্রশ্নে দক্ষিণ জেলা বিএনপির সহসভাপতি লিয়াকত আলীকে জাতির জনকের সঙ্গে তুলনা করা হয় বলে অভিযোগ ওঠে।